

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

নং-৫৯.০০.০০০০.১৩৮.৯৯.০০১.২২-১৪

তারিখ: ২৭/১২/২০২২ খ্রি.

বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে কক্সবাজার মেডিকেল কলেজের প্রস্তাবিত মেরামত ও সংস্কার কাজের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

গত ১১/১২/২০২২ তারিখ বেলা ৩:৩০ মি. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় কক্সবাজার মেডিকেল কলেজের ২০২২-২০২৩ অর্থবছরে প্রস্তাবিত মেরামত ও সংস্কার কাজ পরিদর্শন করা হয়েছে যা নিম্নরূপ:

ক্রমিক	কাজের নাম	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়)
১	কক্সবাজার মেডিকেল কলেজের একাডেমিক ভবনের অভ্যন্তরীণ রং করণ, দরজা জানালা মেরামত এবং আনুষঙ্গিক সিভিল স্যানিটারী মেরামত কাজ।	৪৩.৯৩
২	কক্সবাজার মেডিকেল কলেজের ছাত্র হোস্টেলের অভ্যন্তরীণ রং করণ, দরজা জানালা মেরামত এবং আনুষঙ্গিক সিভিল স্যানিটারী মেরামত কাজ।	২১.৯৮
৩	কক্সবাজার মেডিকেল কলেজের ছাত্রী হোস্টেলের অভ্যন্তরীণ রং করণ, দরজা জানালা মেরামত এবং আনুষঙ্গিক সিভিল স্যানিটারী মেরামত কাজ।	২২.৮৯
৪	কক্সবাজার মেডিকেল কলেজের সামনে প্রধান সড়ক হতে মেডিকেল কলেজ ক্যাম্পাস পর্যন্ত এপ্রোচ রোডের মেরামত করণ কাজ।	৪২.২৮
৫	কক্সবাজার মেডিকেল কলেজের একাডেমিক ভবনের ৬ষ্ঠ তলার ছাদে পানি চোয়ানো বন্ধ করণের নিমিত্তে আনুষঙ্গিক মেরামত কাজ।	১৯.৬৫
৬	কক্সবাজার মেডিকেল কলেজের পাম্প হাইজ ও সাব-স্টেশনের দরজা-জানালা মেরামত ও রং করণসহ অন্যান্য প্রয়োজনীয় পূর্ত কাজ।	৭.৭৮
৭	Vertical Extension of Male Hostel 3 <sup>rd</sup> floor in/c internal water supply and internal Electrification works at Cox's Bazar Medical College.	১৫৩১.০৪
৮	Vertical Extension of Female Hostel 3 <sup>rd</sup> floor in/c internal water supply and internal Electrification works at Cox's Bazar Medical College.	১৫৩১.০৪
৯	কক্সবাজার মেডিকেল কলেজের একেজো সড়ক বাতি পরিবর্তন করে নতুন এলইডি সড়ক বাতি স্থাপন ও আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	১৫.২৩
১০	কক্সবাজার মেডিকেল কলেজের ছাত্র হোস্টেলের সুইচ সকেট পরিবর্তন করে গ্যাং টাইপের সুইচ সকেট সংযোজন, এলইডি লাইট সংযোজন ও আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	১১.৯৭
১১	কক্সবাজার মেডিকেল কলেজের ছাত্রী হোস্টেলের সুইচ সকেট পরিবর্তন করে গ্যাং টাইপের সুইচ সকেট সংযোজন, এলইডি লাইট সংযোজন ও আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	১১.৮৪
১২	কক্সবাজার মেডিকেল কলেজের তৃতীয় তলায় পশ্চিম পার্শ্বের লেকচার গ্যালারীতে এয়ারকুলার স্থাপন ও আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	৩০.৮২
১৩	কক্সবাজার মেডিকেল কলেজের মাল্টি-পারপাস হলে এয়ারকুলার স্থাপন ও আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	৩১.৬৬
১৪	কক্সবাজার মেডিকেল কলেজের একাডেমিক ভবনের বিদ্যমান ১০০০ কেজি ক্ষমতার ২ টি লিফটের একটি লিফটের পরিবর্তনসহ আনুষঙ্গিক নবায়ন করণ কাজ।	১২.৫১
১৫	কক্সবাজার মেডিকেল কলেজের একাডেমিক ভবনের কনফারেন্স রুম, ল্যাবরেটরি, শিক্ষক রুম সহ অন্যান্য ক্লাশ রুমের সুইচ সকেট, ফ্যান রেগুলেটর পরিবর্তন, এলইডি সংযোজন এয়ারকুলার সমূহ সাভিসিং ও আনুষঙ্গিক বৈদ্যুতিক কাজ।	৩৫.০৬
১৬	কক্সবাজার মেডিকেল কলেজের তৃতীয় তলায় পূর্ব পার্শ্বের লেকচার গ্যালারীতে এয়ারকুলার স্থাপন ও বৈদ্যুতিক কাজ।	৩০.৭৬

২। উপর্যুক্ত ছকের ১ নং প্রকল্পন সরেজমিনে পর্যালোচনায় দেখা যা এটি ৩০ লাখ টাকা বরাদ্দ প্রাপ্তির যোগ্য। ২ নং প্রকল্পটি ১৪ লাখ টাকা, ৩ নং প্রকল্পটি ১৪ লাখ টাকা, ৪ নং প্রকল্পটি ৬০ লাখ টাকা, ৫ নং প্রকল্পটি ১৯ লাখ টাকা, ৬ নং প্রকল্পটি ৫ লাখ টাকা, ৯ নং প্রকল্পটি ১০ লাখ টাকা, ১০ ও ১১ নং প্রকল্পটি ১০ লাখ টাকা করে বরাদ্দ প্রদান করা হলে কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

৩। ছকের ১২ নং প্রকল্পটি আপাতত বাস্তবায়ন না করে ১৩ নং প্রকল্পটি ৩১ লাখ টাকায় বাস্তবায়ন করা হলে মেডিকেল কলেজের কাজে সুবিধা হবে মর্মে কলেজ কর্তৃপক্ষ জানিয়েছেন। ১৪ নং প্রকল্পটিতে ১০ লাখ টাকা, ১৫ নং প্রকল্পটিতে ৩০ লাখ টাকা বরাদ্দ প্রদান করা যেতে পারে।

৪। ছকের ১৫ নং প্রকল্প পরবর্তী বছর বাস্তবায়ন করা যেতে পারে। এছাড়া ৭ ও ৮ নং প্রকল্প দু'টি ৫ টি মেডিকেল কলেজের DPP তে অন্তর্ভুক্ত রয়েছে মর্মে জানা গেল। এজন্য এ দুটি প্রকল্পের জন্য মেরামত ও সংস্কার কাজে বরাদ্দ প্রদান সমীচীন হবে না।

৫। পরিদর্শনকালে গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কক্সবাজার মেডিকেল কলেজ এবং অন্যান্য প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন। সংশোধিত আকারে প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কক্সবাজারকে অনুরোধ করা হয়েছে।

২. ২৭/১২/২০২২

(মোঃ আহসান কবীর)  
যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা)  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

**অতিরিক্ত সচিব (উন্নয়ন)**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। অধ্যক্ষ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, কক্সবাজার।
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।